

(সাহিত্যিক শ্রীগজেন্দ্রকুমার মিত্রকে লেখা পত্র)

বৃহস্পতিবার

ডাকঘরের তারিখ : গোপালনগর

২২শে ফেব্রুয়ারি, ১৯৪৫

প্রিয় গজেনবাবু,

আমার ভাঙের অসুখ পূর্ববৎ। সামান্য একটু ভাল। এ শনিবারে আসিবার অসুবিধা হইতেছে এই। আমি বোধ হয় শনিবার একবার কলিকাতা যাইতে পারি, তবে স্কুলের পরঅর্থাৎ ৭টায় পৌঁছিব। প্রবোধ কেমন আছে? তাহার উপর রাগ করিয়াছি।

ইতি—

শ্রীবিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়

পুনঃ, ‘...গুপ্ত’কে ‘...’এর জন্য তাগাদা দিয়াছিলেন কি? You are my literary agent—যাহা করিবার করিতে বিলম্ব করিবেন না। আবশ্যিক হইলে ছাপা বন্ধ করিতে হইবে। আমার স্কুলের বইগুলি এল কি? খুব তাড়াতাড়ি আসা দরকার। আগামী শনিবার, ৫৭ বলরাম বসুর ঘাট স্ট্রীটের বাড়িতে বিভূতি বসুর হাতে একখানা ‘নবাগত’ দিয়ে আসার ব্যবস্থা করবেন? ‘কল্যাণী নববধূর হাতে’ লিখে। যিনি যাবেন, তিনি ৭||০ সময়ে আমায় ওখানেপাবেন। দুজনে খেয়ে চলে আসব। বড়লোকের বাড়ি। গজেনবাবু, আপনি চলুন না কেন? খুবখাওয়া হবে। সে বাড়ি আমার নিজেরই।